

শ্রীশ্রীহরিলীলামৃত ভক্তের আখ্যান।  
রচিল তারক ভক্তচরিত্র সুগান।।



## অভিনাত্মা দম্পতির একসঙ্গে দেহত্যাগ

মাচকান্দী থামবাসী শ্রীশঙ্কর বালা।  
পঞ্চ পুত্র তার সবে হ'ল হরিবোলা।।  
কনিষ্ঠ শ্রীরজনাত্ম অতি শিষ্টাচারী।  
তাঁর পত্নী নাম তাঁর বসন্তকুমারী।।  
সতী-সাধবী পতিব্রতা পরমাসুন্দরী।  
প্রভু পদে ভক্তিমতী বলে' হরি হরি।।  
তিলছড়া থামবাসী শ্রীবংশীবদন।  
বসন্ত তাহার কন্যা পতি পদে মন।।  
দিবসেতে গৃহকার্য করেন যখনে।  
হাতে-কাম মুখে-নাম করে সর্ব্বক্ষণে।।  
যামিনীতে পতি সাথে থাকে এক ঘরে।  
পতি-পদ বক্ষে-ধরি হরি-নাম করে।।  
রজনাত্ম হরিনাম করে নিরন্তর।  
ঠিক যেন একপ্রাণ এক কলেবর।।  
রজনাত্ম রজভাবে মত্ত নিরন্তর।  
কাল ক্রমে দেহে তার এল খল জ্বর।।  
দেখিয়া বসন্তদেবী চিন্তাকুলা হ'ল।  
পরদিন তার নিজ দেহে জ্বর এল।।  
শুনি বংশীবদন গাইন মহাশয়।  
দেখিতে জামাতা কন্যা মাচকান্দী যায়।।  
সপ্তদিন পরে জ্বরে শ্লেষ্মা বৃদ্ধি হল।  
রজনাত্ম সকলকে কহিতে লাগিল।।  
ভ্রাতাগণে বলে “আমি চরণের দাস।  
আমাকে বিদায় দেও যাই প্রভু পাশ।।”  
এত বলি ‘হরি হরি’ বলিতে লাগিল।  
ঘন শ্বাস দেখে সবে বাহিরে আনিল।।

শয়নে নয়ন মুদি' হরিগুণ গায়।  
'হরি হরি' বলিয়া জীবাত্মা বাহিরায়।।  
ভাই সবে বলে 'কেহ না কর ত্রন্দন।  
ভায়ের স্বস্থানে ভাই করেছে গমন।।'  
জামাতার মৃত্যু দেখি শ্রীবংশীবদন।  
কন্যার নিকটে যান করিয়া রোদন।।  
কহিছে বসন্তদেবী পিতার গোচরে।  
হয়েছে পিপাসা বড় জল দেহ মোরে।।'  
তাহা শুনি বংশীকহে নন্দিনীর ঠাই।  
'কেমনে খাইবে জল মরেছে জামাই।।  
কহেন বসন্তদেবী কি কহিলে পিতা?  
দাসী ফেলে কোথা যাবে তোমার জামাতা?  
বিলম্ব না কর পিতা ধরে লহ মোরে!  
জীবন শীতল করি পতিমুখ হেরে।।  
এ জীবন জলপান করিব কি মুখে?  
আজ যদি প্রাণনাথ ত্যজিল দাসীকে।।  
এতবলি সেই সাধবী উঠিয়া বসিল।  
পতির নিকটে যেতে উদ্যত হইল।।  
হেঁটে যেতে চায় সতী উঠিতে না পারে।  
দেখে ত্রস্ত হ'য়ে ব্যস্ত বংশী গিয়ে ধরে।।  
পিতাকে ধরিয়া সতী পতি ঠাই এসে।  
অমনি শয়ন করে পতি-বাম-পার্শ্বে।।  
দিলেন দক্ষিণ হস্ত পতির স্কন্ধেতে।  
পতি-অঙ্গ জড়া'য়ে ধরিল বাম হাতে।।  
উচ্চৈঃস্বরে 'হরিনাম করি উচ্চারণ।  
হরি-স্মরি শরীর ত্যজিল ততক্ষণ।।  
এহেন মরণ দেখি ধন্য ধন্য মানি।  
শোক দুঃখ নাহি কারো করে হরিধ্বনি।।  
হরি হরি করি ধরি লইল শ্মশানে।  
দাহ-কার্য সমাধিল হরি-গুণ-গানে।।  
একসঙ্গে দুইজনে করিল সংকার।  
কবি কহে গেল রবি হরি কর সার।।